

বরাবর

গ্রন্থাগারিক (ফোকাল পয়েন্ট কর্মকর্তা)

বঙ্গবন্ধু সমাধিসৌধ কমপ্লেক্স সরকারি বিশেষ গণগ্রন্থাগার  
টুঞ্জিপাড়া, গোপালগঞ্জ।

বঙ্গবন্ধু সমাধি সৌধ কমপ্লেক্স

সরকারি বিশেষ গণগ্রন্থাগার, টুঞ্জিপাড়া, গোপালগঞ্জ

ফাইল নং- ৭১৩

তারিখঃ ০৭/১২/২৩ স্বাক্ষর

বিষয়: গ্রন্থাগারে আসন ও আলো স্বল্পতার অভিযোগ প্রসংগে।

জনাব,

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সমাধিসৌধ কমপ্লেক্স সরকারি বিশেষ গ্রন্থাগারটি অত্যন্ত পরিপাটি। গ্রন্থাগারটির বেশিরভাগ পুস্তকাদি গবেষণাধর্মী এবং বৈজ্ঞানিক উপায়ে সজ্জিত, আসবাবপত্র অত্যাধুনিক ও উন্নতমানের। গ্রন্থাগারের দায়িত্বরত কর্মকর্তা/কর্মচারীবৃন্দ খুবই আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করছেন। বিশেষ গ্রন্থাগারটিতে প্রতিদিন অগণিত পাঠক/দর্শনার্থীর সমাগম ঘটে। বর্তমান প্রেক্ষাপটে গ্রন্থাগারটিতে মাত্র ১৫ থেকে ২০ জন পাঠক একই সাথে আসন নিয়ে পড়াশুনার সুযোগ পায়। এমতাবস্থায় অনেক পাঠক পাঠকক্ষে হাঁটাচলা করায় পাঠকদের পড়াশুনায় মারাত্মক ব্যাঘাত ঘটে। এছাড়া গ্রন্থাগারে আলোক স্বল্পতার কারণে পত্রিকা পাঠেও পাঠকের অসুবিধা হয়। এমতাবস্থায় গ্রন্থাগারে পাঠোপযোগী পরিবেশ অক্ষুন্ন রাখতে পাঠকদের পক্ষে উল্লেখিত অভিযোগের আশু সমাধানে কর্তৃপক্ষের সদয় দৃষ্টি কামনা করছি।

বিনয় কৃষ্ণ বিশ্বাস

বিণয় কৃষ্ণ বিশ্বাস

পাঠক(সাধারণ সদস্য)

জোয়ারিয়া, টুঞ্জিপাড়া, গোপালগঞ্জ।

তারিখঃ ০৫-১২-২০২৩খ্রিঃ।

০৭-১২-২৩

স্মার্ট গ্রন্থাগার  
স্মার্ট বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
গণগ্রন্থাগার অধিদপ্তর  
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান  
সমাধিসৌধ কমপ্লেক্স সরকারি বিশেষ গণগ্রন্থাগার  
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।  
Web: bncpubliclibrary tungipara gopalganj gov bd

স্মারক নং-৪৩.২৬.৩৫৯১.০০০.০০৫.০১৩.১৯-

তারিখ: ১২ পৌষ ১৪৩০বঙ্গাব্দ  
২৭ ডিসেম্বর ২০২৩খ্রিষ্টাব্দ

### নোটিশ

বিষয়: গ্রন্থাগারে আসন ও আলো স্বল্পতার অভিযোগ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সমাধিসৌধ কমপ্লেক্স সরকারি বিশেষ গণগ্রন্থাগার টুঙ্গিপাড়া, গোপালগঞ্জে গ্রন্থাগারে আসন ও আলো স্বল্পতার অভিযোগ প্রসংগে আগামী ৩১-১২-২০২৩খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় গ্রন্থাগারিকের দপ্তরে সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



মাধবীলতা মালাকার  
লাইব্রেরি এসিস্টেন্ট  
(দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা)  
ফোন: ০২-২২৪৪৫৬২৬০

অনুলিপি:

- ১। গ্রন্থাগারিক, সমাধিসৌধ কমপ্লেক্স সরকারি বিশেষ গণগ্রন্থাগার টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
- ২। বিণয় কৃষ্ণ বিশ্বাস জোয়ারিয়া, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
- ৩। অফিস কপি।

স্মার্ট গ্রন্থাগার  
স্মার্ট বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
গণগ্রন্থাগার অধিদপ্তর  
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান  
সমাধিসৌধ কমপ্লেক্স সরকারি বিশেষ গণগ্রন্থাগার  
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।  
Web: bmcpubliclibrary tungipara.gopalganj.gov.bd

### সভার কার্যবিবরণীঃ

সভার সভাপতি : যোগেন্দ্র নাথ বাউড়, গ্রন্থাগারিক।  
আলোচ্য বিষয় : গ্রন্থাগারে আসন ও আলো স্বল্পতার অভিযোগ নিষ্পত্তিকরণ।  
তারিখ : ৩১-১২-২০২৩খ্রি:।  
সময় : সকাল ১১.০০ ঘটিকা।  
স্থান : গ্রন্থাগারিক এর দপ্তর।  
উপস্থিতি : পরিশিষ্ট “ক”।

সভার শুরুতে সভাপতি মহোদয় অধ্যকার সভায় উপস্থিতিদের ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার কাজ শুরু করেন ও সভায় আলোচ্য বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করেন। উক্ত আলোচনায় সভাপতি বিশেষ গণগ্রন্থাগারের বিবিধ সমস্যা ও উহার আশু সমাধান নিয়ে বক্তব্য প্রদান করেন। মূল আলোচনা প্রসঙ্গে সভাপতি মহোদয় সভাকে অবহিত করেন যে, গ্রন্থাগারের আসন ও আলো স্বল্পতার সংকট অচিরেই সমাপ্তি ঘটবে। সভাপতি মহোদয় অত্যন্ত দৃঢ়তার সাথে গ্রন্থাগারের আসন স্বল্পতা প্রসঙ্গে বলেন- যে, অতি শীঘ্র বিশেষ গণগ্রন্থাগারের নতুন ভবন নির্মানের কাজ শুরু হবে এবং সেটি হবে দ্বিতল বিশিষ্ট অত্যাধুনিক গ্রন্থাগার ভবন। নতুন ভবনে গ্রন্থাগারের আসন স্বল্পতার সংকট থেকে পাঠক মুক্ত হবে। আর গ্রন্থাগারটির ইন্টারিয়র ডিজাইন মোতাবেক গ্রন্থাগারে বৈদ্যুতিক আলোর পাশাপাশি প্রাকৃতিক আলো প্রবেশের সুযোগ থাকবে ফলে গ্রন্থাগারে আলো স্বল্পতার পরিসমাপ্তি ঘটবে।

### অভিযোগ নিষ্পত্তি:

সম্মানিত পাঠক / অভিযোগকারী অভিযোগের বিষয়ে উপরোক্ত আলোচনায় সন্তোষ প্রকাশের মাধ্যমে দাখিলকৃত অভিযোগটি নিষ্পত্তি হয়।

সভায় অন্য কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে পুনরায় ধন্যবাদ দিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

  
(ফোকাল পয়েন্ট কর্মকর্তা)  
যোগেন্দ্র নাথ বাউড়  
গ্রন্থাগারিক

পরিচিতি "ক"

ক্রমিক নং	অংশীজনের নাম	স্বাক্ষর
১.	বিনয় কুমার বিশ্বাস	
২.	সোহান আলী	Sohani
৩.	মিনহাজ কোছা	MINHAZ
৪.	সামি হারি	Sami
৫.	আকাশ	Akash
৬.	- শিলা	Shila
৭.	মৌসুমী	Mousumi
৮.	অমল কুমার বিশ্বাস ইসলাম	
৯.	মুন্নি খানম	মুন্নি
১০.	তুলি আক্তার	তুলি
১১.	স্মারিতা	স্মারিতা
১২.	সাহাব হোসাইন	সাহাব
১৩.	মোঃ জুনেদ হোসেন	জুনেদ
১৪.	খাবিরা কুমারী আক্তার	Antora
১৫.	মো আহাদ হোসেন	আহাদ
১৬.	মোছাঃ বেলাল হোসেন	
১৭.	মোঃ মুহম্মদ হোসেন	
১৮.	আফিয়াতুন্না ওয়াসিমা	আফিয়াতুন্না
১৯.	স্মারিতা আক্তার	স্মারিতা
২০.	ইজাজ আল জেদ জিয়াহ	জিয়াহ.
২১.	S.M. Anik	Anik

২২. মোঃ মাসুম রশিদ —

২৬. স্মারিতা আক্তার —